ইরানে হামলা থেকে বিরত থাকতে ইসরায়েলকে ট্রাম্পের কড়া হুঁশিয়ারি



যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প : সংগৃহীত ছবি

ইরান-ইসরায়েল উত্তেজনার মধ্যে নতুন করে হামলা চালানো থেকে বিরত থাকতে কড়া হুঁশিয়ারি দিয়েছেন যুক্তরাষ্ট্রের সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। তিনি স্পষ্ট ভাষায় ইসরায়েলকে ইরানে আর কোনো বোমা না ফেলতে বলেন।

আলজাজিরার এক প্রতিবেদনে জানানো হয়, মঙ্গলবার (২৪ জুন) নিজের মালিকানাধীন সামাজিক যোগাযোগমাধ্যম ট্রুথ সোশ্যালে দেওয়া এক পোস্টে ট্রাম্প বলেন,

“ইসরায়েল, আর কোনো বোমা ফেলো না। যদি এটা করো, তবে সেটি হবে একটি বড় লঙ্ঘন। তোমার পাইলটদের এখনই ঘরে ফিরিয়ে আনো।”

উল্লেখ্য, যুদ্ধবিরতির ঘোষণা সত্ত্বেও ইরান ও ইসরায়েল সম্প্রতি একে অপরের বিরুদ্ধে পাল্টাপাল্টি হামলার অভিযোগ তুলছে। এই প্রেক্ষাপটে ট্রাম্পের এ হুঁশিয়ারি বিশেষ তাৎপর্যপূর্ণ বলে মনে করছেন বিশ্লেষকরা।

LENS ASIA